তারিখ ... 01 JAN 1991 ...
পৃষ্ঠা ... ১২ ... কলাম ... ৫ ...

দৈনিক ইত্তেফাক

23

## সংঘর্ষের পর রাজশাহী মেডিক্যাল কলেজ বন্ধ ঘোষণা

(রাজশাহী অফিস)

রাজশাহী মেডিকেল কলেজে জাতীয়তাবাদী ছাত্র দল ও ছাত্র লীগের (না-শ) মধ্যে সংঘর্ষের পর পরিবেশ ও আইন শৃঙ্খলা বিনষ্টের আশঙ্কায় কলেজ কর্তৃপক্ষ আজ মঙ্গলবার হইতে কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করিয়াছেন। সকল ছাত্র-ছাত্রীদের হল ত্যাগের নির্দেশ দেওয়া হইয়াছে। এদিকে রাজশাহী মেডিকেল কলেজ ছাত্র সংসদ কলেজ বন্ধের ঘোষণা প্রত্যাহারের জন্য কলেজ কর্তৃপক্ষের নিকট অনুরোধ জানাইয়াছে।

ছাত্রলীগ (না-শ) হইতে জাতীয়তাবাদী ছাত্রদলে যোগদান ও পরে নিজ দলে ফিরিয়া আসাকে কেন্দ্র করিয়া রবিবার রাতে রাজশাহী মেডিক্যাল কলেজে দুই দলে সংঘর্ষে ৩ জন ছাত্র আহত হয়। সংঘর্ষে অসংখ্য হাতবোমা ও গোলাগুলী হয়। দল বদলকারী ছাত্রকে বেদম মারপিট করা হয় বলিয়া অভিযোগ পাওয়া যায়। কলেজ ছাত্রাবাসের ৭টি কক্ষ পুড়াইয়া দেওয়া হয়। ছাত্ররা ভয়ে রাতেই হল ছাড়িয়া নিরাপদ আশ্রয়ে চলিয়া যায়। ছাত্রঐক্যের নেতৃবৃন্দ ঘটনার মীমাংসার চেষ্টায় আছেন।